


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
কৃষি খামার সড়ক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

Livestock Service Provider (LSP)'দের জন্য Bi-Cycle, Computer Tab. & Kit Bag/Box সরবরাহ, ব্যবহার এবং সংরক্ষণ সংক্রান্ত নীতিমালা/শর্তাবলী :

- ১। Bi-Cycle, Computer Tab. & Kit Bag/Box সরকারী সম্পত্তি। প্রকল্পের স্থানীয় কর্তৃপক্ষ হিসাবে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বিধি মোতাবেক বর্ণিত মালামাল মজুদ বই এ লিপিবদ্ধ করার পর দায়িত্ব পালনরত Livestock Service Provider (LSP)'দের অনুকূলে ইস্যু করবেন।
- ২। বর্ণিত মালামাল সংরক্ষণ ও নিরাপত্তার দায়িত্ব সংশ্লিষ্ট Livestock Service Provider (LSP)'র উপর বর্তাবে।
- ৩। বর্ণিত মালামাল সরবরাহের পূর্বে নিম্নবর্ণিত শর্ত সম্বলিত অঙ্গীকারনামায় Livestock Service Provider (LSP) 'দের একতরফা স্বাক্ষর নিতে হবে।

শর্তাবলী :

- ১। Bi-Cycle, Computer Tab. & Kit Bag/Box সরকারী সম্পত্তি। বর্ণিত মালামাল কেবলমাত্র ডেইরী ও প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প/সরকারী কাজে ব্যবহার করা হবে। অন্যত্র ব্যবহারের দায় মালামাল গ্রহন ও সংরক্ষণকারী হিসাবে আমার উপর বর্তাবে।
- ২। বর্ণিত মালামাল সংরক্ষণ ও নিরাপত্তার দায়িত্ব আমার উপর বর্তাবে।
- ৩। বর্ণিত মালামাল কোনক্রমেই বিনা অনুমতিতে অন্যত্র হস্তান্তর করা হবে না।
- ৪। প্রকল্প চলাকালীন সময়ে কোন কারণ বশতঃ আমি দায়িত্ব হতে ইস্তফা দিলে বা অব্যাহতি প্রদান করা হলে সমুদয় মালামাল সচল অবস্থায় কর্তৃপক্ষের নিকট হস্তান্তরে বাধ্য থাকব। অন্যথায় কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করতে পারবেন।
- ৫। কর্তৃপক্ষ/উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার চাহিদা মোতাবেক বর্ণিত মালামাল যে কোন সময় প্রদর্শনে বাধ্য থাকব।
- ৬। প্রকল্পের মেয়াদ শেষে Bi-Cycle & Computer Tab. সচল অবস্থায় কর্তৃপক্ষের নিকট হস্তান্তরে বাধ্য থাকব।
- ৭। আমি স্বেচ্ছায় ও সজ্ঞানে উপরোল্লিখিত শর্তাবলী মেনে অঙ্গীকারনামা প্রদান করলাম।


Kazi Wasi Uddin (Addl. Secretary)
Project Director
Livestock and Dairy Development Project
Dept. of Livestock Services, Bangladesh


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
কৃষি খামার সড়ক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

Livestock Extension Officer (LEO), Monitoring Officer & Assistant Engineer'দের জন্য Motor Cycle সরবরাহ, ব্যবহার এবং সংরক্ষণ সংক্রান্ত নীতিমালা/শর্তাবলী :

- ১। Motor Cycle ও আনুসঙ্গিক মালামাল সরকারী সম্পত্তি। প্রকল্পের স্থানীয় কর্তৃপক্ষ হিসাবে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বিধি মোতাবেক বর্ণিত মালামাল মজুদ বই এ লিপিবদ্ধ করার পর দায়িত্ব পালনরত Livestock Extension Officer (LEO) 'দের অনুকূলে ইস্যু করবেন। প্রকল্প কর্তৃপক্ষ সরাসরি Monitoring Officer & Assistant Engineer 'দের অনুকূলে ইস্যু করবেন।
- ২। Motor Cycle ও আনুষঙ্গিক মালামাল এবং উহার রেজিস্ট্রেশন সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ ও নিরাপত্তার দায়িত্ব সংশ্লিষ্ট Livestock Extension Officer (LEO), Monitoring Officer & Assistant Engineer এর উপর বর্তাবে।
- ৩। Motor Cycle ও আনুসঙ্গিক মালামাল সরবরাহের সময় অবশ্যই বৈধ ড্রাইভিং লাইসেন্স প্রদর্শন করতে হবে।
- ৪। Motor Cycle'টির রেজিস্ট্রেশন সংক্রান্ত ০১ (এক) সেট দলিলাদি সংশ্লিষ্ট দপ্তর/উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সংরক্ষণ করতে হবে।
- ৫। Motor Cycle'টি পরিচালনা বাবদ প্রকল্প হতে মাসিক সর্বোচ্চ ১৫ (পনের) লিটার জ্বালানী মূল্য ও বার্ষিক ন্যূনতম বীমা প্রিমিয়াম প্রদান করা হবে।
- ৬। Motor Cycle'টি পরিচালনার জন্য বিধি মোতাবেক লগ বই লিখে তা সংরক্ষণ করতে হবে।
- ৭। Motor Cycle'টি সরবরাহের পূর্বে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প নির্দিষ্ট Motor Cycle এর রেজিস্ট্রেশন, ইঞ্জিন ও চেসিস নম্বর উল্লেখসহ নিম্নবর্ণিত শর্ত সম্বলিত অঙ্গীকারনামায় Livestock Extension Officer (LEO), Monitoring Officer & Assistant Engineer 'দের একতরফা স্বাক্ষর নিতে হবে।

অঙ্গীকারনামার শর্তাবলী :

- ১। Motor Cycle'টি সরকারী সম্পত্তি। কেবলমাত্র ডেইরী ও প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প/সরকারী কাজে ব্যবহার করা হবে। অন্যত্র ব্যবহারের দায় Motor Cycle গ্রহন ও সংরক্ষণকারী হিসাবে আমার উপর বর্তাবে।
- ২। Motor Cycle ও আনুসঙ্গিক মালামাল এবং উহার রেজিস্ট্রেশন সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ ও নিরাপত্তার দায়িত্ব আমার উপর বর্তাবে।
- ৩। Motor Cycle'টি কোনক্রমেই বিনা অনুমতিতে অন্যত্র হস্তান্তর করা হবে না।
- ৪। Motor Cycle'টি পরিচালনার জন্য বিধি মোতাবেক লগ বই লিখে তা সংরক্ষণ এবং চাহিদা মোতাবেক তা সরবরাহ করা হবে।
- ৫। প্রকল্প চলাকালীন সময়ে কোন কারণ বশতঃ আমি দায়িত্ব হতে ইস্তফা দিলে বা অব্যাহতি প্রদান করা হলে Motor Cycle'টি সচল অবস্থায় কর্তৃপক্ষের নিকট হস্তান্তরে বাধ্য থাকব। অন্যথায় কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করতে পারবেন।
- ৬। কর্তৃপক্ষ/উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার চাহিদা মোতাবেক Motor Cycle'টি যে কোন সময় প্রদর্শনে বাধ্য থাকব।
- ৭। প্রকল্পের মেয়াদ শেষে Motor Cycle'টি সচল অবস্থায় কর্তৃপক্ষের নিকট হস্তান্তরে বাধ্য থাকব।
- ৮। আমি স্বেচ্ছায় ও সজ্ঞানে উপরোল্লিখিত শর্তাবলী মেনে অঙ্গীকারনামা প্রদান করলাম।


০২/০৭
১৩২০
Kazi Wasi Uddin (Addl. Secy)
Project Director
Livestock and Dairy Development Project
Dept. of Livestock Services, Bangladesh